



**USAID**  
আমেরিকার জনগণের পক্ষ থেকে



**BLUE LAW**  
INTERNATIONAL

## প্রেস বিজ্ঞপ্তি

তারিখঃ ০৮/০১/২০২০ইং

### প্রতিবন্ধী নারী ও শিশুর প্রতি সকল প্রকার বৈষম্য, নির্যাতন ও সহিংসতা বন্ধের আহ্বান

আজ ৮ জানুয়ারি ২০২০ বুধবার “ইউএসএইড এর এক্সপাডিং পার্টসিপেশন অব পিপল উইথ ডিজএবিলাটি (ইপিডি) প্রোগ্রাম” এর অধীনে প্রতিবন্ধী নারীদের জাতীয় পরিষদ (এনসিডিডারিউ) এর উদ্যোগে যুক্তরাষ্ট্র সরকারের আর্থিক সহযোগীতায় ও ব্লু ল ইন্টারন্যাশনাল এলএলপি এর তত্ত্বাবধানে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) ও জাতীয় তৃণমূল প্রতিবন্ধী সংস্থা (এনজিডিও) এর অংশিদারিত্বে জাতীয় প্রেস ক্লাবের তফাজ্জল হোসেন মানিক মিয়া হলে “প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর বাস্তবায়ন ও প্রতিবন্ধী নারী ও শিশুর বর্তমান অবস্থা” শীর্ষক এক সংবাদ সম্মেলন আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশিষ্ট কথা সাহিত্যিক সেলিনা হোসেন। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন এনসিডিডারিউ এর সভাপতি নাসিমা আক্তার এবং সঞ্চালনা করেন সুপ্রীমকোর্টের আইনজীবী ও ইন-কান্ট্রি কোঅর্ডিনেটর (ইপিডি প্রকল্প) মোঃ রেজাউল করিম সিদ্দিকী। প্রতিবন্ধী নারী ও শিশুদের বর্তমান অধিকার পরিস্থিতি সম্পর্কে মূল বক্তব্য পাঠ করেন এনসিডিডারিউ এর সাধারণ সম্পাদক সাজেদা আক্তার।

মূল প্রবন্ধে বলা হয় সমাজে নারী ও শিশুরা যেমন বঞ্চিত তেমনভাবে প্রতিবন্ধী নারী ও শিশুরা আরও বেশী অসহায় ও অবহেলিত। কারন তারা নিজেদের উপর নির্যাতনের যথাযথ প্রতিবাদ করতে পারেনা। প্রকল্পের আওতায় আয়োজিত লিগ্যাল এইড ক্যাম্পে আগত প্রতিবন্ধী নারী ও শিশুদের বরাত দিয়ে জানানো হয় অতীতের যেকোনো সময়ের চেয়ে বর্তমানে অধিক হারে প্রতিবন্ধী নারীগণ যৌতুক, স্বামী কর্তৃক নির্যাতন, উত্তরাধিকার থেকে বঞ্চিত করা, কর্মস্থলে বৈষম্য ও প্রতারণামূলক বিবাহের শিকার হচ্ছেন। এসব অপরাধের বিরুদ্ধে শক্তিশালী আইন থাকলেও সেই আইনের সুফল তারা পাচ্ছেন না। ফলে বিচারহীনতার কারণে তাদের বিরুদ্ধে এই সকল অপরাধ প্রতিনিয়ত তীব্রতর হচ্ছে।

লেখিকা সেলিনা হোসেন তাঁর বক্তব্যে প্রতিবন্ধী নারী ও শিশুর অধিকার আদায়ে তাদের পাশে থাকার জন্য দেশের সর্বস্তরের মানুষদের প্রতি অনুরোধ জানান। তিনি বলেন, “একাত্তরে যেমন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের একটি ভাষণে গোটা জাতি মহান মুক্তিযুদ্ধের জন্য বার্তা পেয়ে গিয়েছিল, ঠিক তেমনভাবে প্রতিবন্ধী ও শিশুদের অধিকার বাস্তবায়নে নিজ নিজ দায়িত্বপালনের বার্তা সমাজের সকল স্তরের মানুষদের কাছে পৌঁছে দিতে হবে। প্রতিবন্ধী ব্যক্তিদের কথাগুলো সকলের নিকট পৌঁছে দেয়ার জন্য তিনি প্রিন্ট ও বিভিন্ন ইলেক্ট্রনিক মিডিয়াগুলোকে বিশেষভাবে অনুরোধ করেন। তিনি আরও বলেন, “আজকের অনুষ্ঠানে উপস্থাপিত বক্তব্য ও কেইস স্টাডিগুলো আমার পঞ্চগন্ন বছরের লেখনী সত্ত্বাকেও প্রভাবিত করেছে। আমি আমার লেখনীর মাধ্যমে সমাজে প্রতিবন্ধী নারী ও শিশুদের প্রতি নির্যাতন, সহিংসতা ও বৈষম্যের কথা তুলে ধরব। আমরা আর বিচারহীনতার সংস্কৃতিতে ডুবে থাকতে চাইনা।”

একজন সাংবাদিকের প্রশ্নের জবাবে মোঃ রেজাউল করিম সিদ্দিকী বলেন, “নারী ও শিশু নির্যাতন দমন আইনে একটি মামলা আইন অনুযায়ী ১৮০ দিনে মধ্যে শেষ হবার কথা থাকলেও একজন প্রতিবন্ধী শিশু অপহরণের মামলা সাড়ে চৌদ্দ বছরেও শেষ হয়নি। এর কারণ আইনের শাসন ও জবাবদীহিতার অভাব।”

এনসিডিডারিউ এর সভাপতি নাসিমা আক্তার বলেন ২০১৩ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিক উদ্যোগে “প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩” প্রণীত হলেও যথাযথ প্রশাসনিক উদ্যোগ ও সচেতনতার অভাবে আইনটি সঠিক ভাবে বাস্তবায়িত হচ্ছেনা। তিনি সরকারের প্রতি আইনটি বাস্তবায়নের লক্ষ্যে আইনের অধীনে গঠিত সকল কমিটি সক্রিয় করা সহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের উদাত্ত আহ্বান জানান। তিনি বলেন, “প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ সুষ্ঠুভাবে বাস্তবায়িত হলেই প্রতিবন্ধী নারী ও শিশুর বিরুদ্ধে সহিংসতা, নির্যাতন ও বৈষম্য দূর হবে।”



**USAID**  
আমেরিকার জনগণের পক্ষ থেকে



**BLUE LAW**  
INTERNATIONAL

সংবাদ সম্মেলন থেকে প্রতিবন্ধী নারী ও শিশুদের অধিকার বাস্তবায়নের জন্য নিম্নরূপ দাবি জানানো হয়ঃ

১. প্রতিবন্ধী নারী ও শিশুর বিরুদ্ধে বৈষম্য, সহিংসতা, নির্যাতন ও শোষণ নিরসনে অবিলম্বে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা;
২. প্রতিবন্ধী ব্যক্তির অধিকার বিষয়ক আন্তর্জাতিক সনদ বা সিআরপিডি'র আলোকে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এ প্রতিবন্ধী নারী ও প্রতিবন্ধী শিশুদের অধিকার ও সুরক্ষার বিষয়ে বিশেষ বিধান সংযুক্ত করা;
৩. প্রতিবন্ধী নারী ও শিশুরা যে সকল কারণে আইন, আদালতের সেবা ও ন্যায়বিচার থেকে ছিটকে পড়ছে তা সুনির্দিষ্ট করণ এবং এ সকল প্রতিবন্ধকতা অপসারণের উদ্যোগ গ্রহণ করা;
৪. প্রতিবন্ধী নারী ও শিশুদের বিরুদ্ধে সকল প্রকার বৈষম্য, নির্যাতন ও সহিংসতা প্রতিরোধের লক্ষ্যে সমাজের সকল শ্রেণী-পেশার মানুষের দৃষ্টি ভঙ্গি ও মানষিকতা পরিবর্তনের উদ্যোগ গ্রহণ করা; এবং
৫. প্রতিবন্ধী নারীদের প্রশিক্ষণ প্রদান, দক্ষতা বৃদ্ধি ও সরকারি-বেসরকারি কর্মে বৈষম্যহীনভাবে নিয়োগ নিশ্চিত করা।

বার্তা প্রেরক

নাছিমা আক্তার (সভাপতি)

প্রতিবন্ধী নারীদের জাতীয় পরিষদ

০১৭১৯৭৮৮৬৭২

[ncdw.bd@gmail.com](mailto:ncdw.bd@gmail.com)

অধিকতর তথ্যের জন্য যোগাযোগঃ

মোঃ রেজাউল করিম সিদ্দিকী (ইন-কান্ট্রি কো অর্ডিনেটর)

ব্লু ল ইন্টারন্যাশনাল

০১৭১৬০৮৫৭৭৪

[rsiddiquee@bluelawinternational.com](mailto:rsiddiquee@bluelawinternational.com)